৮. প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সে প্রার্থীর বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগীতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৯. বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরুপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা নাতি/নাতনি হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদপত্র/প্রত্যয়নপত্র দেখাতে হবে।

১০. প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১১. আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত প্রার্থীকে জেলা প্রশাসক/জেলা আনসার এ্যাডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১২. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১৩. প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূলকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণে সনদপত্র,অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধা দাবীর ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১৪. নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দা হতে হবে এবং নাগরিক সনদপত্রে তাহার নিজ গ্রাম ও সাবেক ওয়ার্ড নম্বর উল্লেখ থাকতে হবে।

১৭. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হবে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী (সাবেক ওয়ার্ড ও ইউনিয়ন) হতে যোগ্য প্রার্থী দ্বারা শুন্য পদ পূরণ করা হবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শুন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

১৭. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর।

১৮. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮-৩২ বছর।

১৯. প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মুল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

২০. প্রার্থীকে অবশ্যই বাংরদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমানক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

২১. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রের প্রার্থীকে পরিবর্তন স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র ((NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

২২. নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে- কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। তাছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগ কমিটি/কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৩. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ (http://cstgn.teletalk.com.bd) -এ আবেদনপত্র পূরণ করবেন।

২৪. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৭/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে এবং আবেদনের শেষ তারিখ ০৬/০৯/২০২৩খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

২৫. উক্ত সময়সীমার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীরা উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পযন্ত SMS এর মাধ্যমে নিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২৬ Online-এ আবেদন পত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB এর মধ্যে হতে হবে। Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন ও প্রার্থী Online-এ পুরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

২৭. SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪ (চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৪ (তিনশত চৌত্রিশ) টাকা, ২ নং হতে ৭ নং (২ হতে ৭) ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ৮ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।